# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১০৮৫

৮. পবিত্রতা অর্জন (كِتَابُ الطَّهَارَةِ)

পরিচ্ছেদঃ যে কারণে আঙ্গুলসমূহের মাঝে খেলাল করার নির্দেশ দেওয়া হয়েছে

## ذِكْرُ الْعِلَّةِ الَّتِي مِنْ أَجْلِهَا أَمَرَ بِالتَّخْلِيلِ بين الأصابع

আরবী

1085 ـ أَخْبَرَنَا ابْنُ خُزَيْمَةَ قَالَ: حَدَّثَنَا بُنْدَارٌ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدٌ قَالَ: حَدَّثَنَا شُعْبَةُ عَنْ مُحَمَّدِ بْنِ زِيَادٍ قَالَ: كَانَ أَبُو هُرَيْرَةَ يَأْتِي على الناس وهم يتوضأون عِنْدَ الْمَطْهَرَةِ فَيَقُولُ لَهُمْ: أَسْبِغُوا الْوُضُوءَ بَارَكَ الله فيكم فإني سمعت أبا القاسم يقول: (ويل للأعقاب من النار)

الراوي : مُحَمَّد بْن زِيَادٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1085 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

১০৮৫. মুহাম্মাদ বিন যিয়াদ বলেন, আবূ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু লোকদের ওযূ করার জায়গায় ওযূ করার সময় তাদের নিকটে আসতেন অতঃপর তাদেরকে বলতেন, “আপনারা পরিপূর্ণভাবে ওযূ করুন, আল্লাহ আপনার মাঝে বারাকাহ দিন। কেননা আমি আবূল কাসিম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে বলতে শুনেছি, তিনি বলেছেন, “পায়ের গোড়ালীর জন্য জাহান্নামের দুর্ভোগ রয়েছে।”[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৪/৪০৯; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১/২৬; সহীহ মুসলিম: ২৪২; সহীহ বুখারী: ১৬৫; নাসাঈ: ১/৭৭; দারেমী: ১/১৭৯; তাহাবী: ১/৩৮; মুসান্নাফ আব্দুর রাযযাক: ৬২; সুনান বাইহাকী: ১/৬৯; তিরমিযী: ৪১; সহীহ ইবনু খুযাইমাহ: ১৬২।

আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা

নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=90398

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন